# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**13 MARCH 2026** **7:45—7:55**

---

১) দুদিনের সফরসূচি নিয়ে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ গৌহাটি উপস্থিত । প্রতিকূল আবহাওয়ার জন্য কোকরাঝার সফর বাতিল , ভার্চুয়াল ব্যবস্থার মাধ্যমে বিভিন্ন প্রকল্পের উদ্বোধন এবং শিলান্যাস ।

২) আগামীকাল প্রধানমন্ত্রীর শিলচর আগমন । ৩টি ভূমিপূজন অনুষ্ঠানে অংশ গ্রহণ ।

৩) মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মার আগামীকাল শ্রীকোনায় বরাক উপত্যকার জন্য নির্মীত মিনি সচিবালয়ের উদ্বোধন সহ দরগাকোনার মিঠাপানিতে ১টি কনভেনশন কেন্দ্রের উদ্বোধন ।

এবং

৪)কেন্দ্রীয় সরকারের জারী করা নির্দেশের পর সরবরাহ বিভাগেরও রান্নার গ্যাস এবং পেট্রোল ও ডিজেলের মত পেট্রোপন্য সামগ্রীর ব্যবহার সীমিত করার আহ্বান ।

---------------------------------------------------------------------------------

দুদিনের সফর সূচি নিয়ে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ গৌহাটি এসে পৌছেছেন । রাজ্যপাল লক্ষণ প্রসাদ আচার্য , মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মা , কেন্দ্রীয় মন্ত্রী সর্বানন্দ সনোয়াল এবং প্রদেশ বি জে পি সভাপতি দীলিপ শইকীয়া প্রধানমন্ত্রীকে বিমান বন্দরে স্বাগত জানান । শ্রী মোদী আজ গৌহাটি থেকে ভার্চুয়াল ব্যবস্থার মাধ্যমে ৪ হাজার ৫শো ৭০ কোটি টাকা ব্যায় সাপেক্ষে কোকরাঝারে বিভিন্ন প্রকল্পের উদ্বোধন এবং শিলান্যাস করেন । তিনি বলেন যে সরকার বড়ো স্বাশাসিত পরিষদ এলাকার সার্বিক উন্নয়নের জন্য কাজ করছে এবং এই আঞ্চলের দ্রুত উন্নয়নের জন্য ১ হাজার ৫শো কোটি টাকার অনুমোদন দিয়েছে । প্রধানমন্ত্রী বলেন যে গত কয়েক দশক বড়ো বসতি

আঞ্চলের জনসাধারণ রক্তক্ষয়ী হিংসাত্মক ঘটনার সাক্ষী বহন করেছেন তবে আজ সেইসব হিংসাত্মক ঘটনার সঙ্গে যুক্ত যুবকরা আস্ত্র-শস্ত্র সহ আত্মসমর্পন করে স্থায়িত্ব এবং উৎপাদনের সঙ্গে নিজেদের যুক্ত করে এক নতুন যুগের সূচনা করছে । শ্রী মোদী বলেন যে বড়ো সম্প্রদায়ের ঐতিহ্যবাহী প্রাচীন বিশ্বাস এবং সংস্কৃতি রক্ষা করার বিষয়টিতে কেন্দ্রীয় সরকার নিশ্চয়তা প্রদান করেছে । তিনি বলেন যে কংগ্রেস সরকার যুগ যুগ ধরে এই অঞ্চলের জনসাধারণকে অবহেলা করেছে তবে বর্তমান কেন্দ্রীয় সরকার এই অঞ্চলের সার্বিক উন্নয়নে কাজ করে চলেছে । বাইট-----

প্রধানমন্ত্রীর আজ দুপুরের দিকে যদিও কোকরাঝারে একটি জনসভায় অংশ গ্রহণ করার কথা ছিল তবে প্রতিকূল আবহাওয়ার পরিপ্রেক্ষিতে এই সফর সূচি বাতিল করা হয় ।

ওই একই অনুষ্ঠানে প্রধানমন্ত্রী বি টি সি অঞ্চলের আসাম মালার তৃতীয় পর্বের অধীনে ৪টি ফ্লাই-অভার এবং দুটি সেতুর নির্মান সহ একটি সড়ক পরিকাঠামো প্রকল্পের শিলান্যাশ করেন । প্রধানমন্ত্রী ২শো ৫৬ কোটি টাকা ব্যায়সাপেক্ষে বাসবারিতে মালবাহী রেলের মেরামতি কারখানা , ১ হাজার ১শো ১ কোটি টাকা ব্যাসাপেক্ষে দুটি সেতুর শিলান্যাস করেন । একই সঙ্গে তিনি বি টি সি অঞ্চলের উন্নত যাতায়াত ব্যবস্থার জন্য কামাখ্যা-চার্লাপল্লী অমৃত ভারত এক্সপ্রেস , গৌহাটি-নিউ জলপাইগুড়ি এক্সপ্রেস এবং নারেঙ্গি - আগরতলা একসপ্রেস রেল সেবার সূচনা করেন । প্রধানমন্ত্রী আসামের ৩৪টি জেলার জন্য ৩৬টি সেতুর শিলান্যাস করেন ।

---------------------------------------------------------------------------------------

এরপর প্রধানমন্ত্রী সন্ধ্যায় গৌহাটিতে বেশ কয়েকটি কার্যসূচিতে অংশ গ্রহণ করেন । রাজ্যের ২০ হাজার চা-শ্রমিককে জমির পাট্টা প্রদান কার্যসূচির শুভারম্ভ করার পর শ্রী মোদী ২ হাজার ৩শো ২০ কোটি টাকা ব্যায় সাপেক্ষে পশ্চিম কার্বি আংলং-এর কপিলী জলবিদ্যুৎ প্রকল্পের উৎপাদ প্রক্রিয়ারও

শুভারম্ভ করেন । শ্রী মোদী গৌহাটিতে ১০ হাজার কোটির অধিক টাকা ব্যায়সাপেক্ষে অন্যান্য কয়েকটি প্রকল্পের উদ্বোধন করেন । একই অনুষ্ঠানে তিনি প্রধানমন্ত্রী কিশান সম্মান নিধির ২২তম কিস্তির সূচনা করেন । প্রধানমন্ত্রী এই প্রকল্পের অধীনে দেশের প্রায় ৯ কোটি ৩২ লক্ষ কৃষকের ব্যাঙ্ক একাউন্টে প্রত্যক্ষ লাভ হস্তান্তরের মাধ্যমে ১৮ হাজার ৬শো ৬০ কোটি টাকা প্রেরণ করেন । অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মা বলেন---বাইট----

এই সফর সূচির অংশ হিসেবে প্রধানমন্ত্রী আগামীকাল শিলচর আসবেন । তিনি আগামীকাল বরাক উপত্যকার তিনটি ঐতিহাসিক প্রকল্পের ভূমিপূজনে অংশ গ্রহণ করবেন । শিলচরের পার্শবর্তী অম্বিকাপুরে এই ৩টি প্রকল্পের ভূমিপূজন অনুষ্ঠিত হবে

। প্রধানমন্ত্রীর সফরের জন্য জেলা প্রশাসন ইতিমধ্যেই চূড়ান্ত প্রস্তুতি সম্পন্ন করেছে । এদিকে প্রধানমন্ত্রীর সফরের পর মুখ্যমন্ত্রী আগামীকাল মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মা শ্রীকোনায় বরাক উপত্যকার জন্য নির্মীত মিনি সচিবালয়ের উদ্বোধন করবেন । এরপর মুখ্যমন্ত্রী দরগাকোনার মিঠাপানিতে আসাম সরকারের নগর ও আবাসন বিভাগের উদ্যোগে ১টি কনভেনশন কেন্দ্রের উদ্বোধন করবেন । প্রধানমন্ত্রী ও মুখ্যমন্ত্রীর সফর উপলক্ষে নিরাপত্তা ব্যবস্থা জোরদার করা হয়েছে । সভাস্থলের পার্শ্ববর্তী এলাকায় ট্রাফিক বিভাগ থেকে সুষ্ঠ ও সুন্দরভাবে যান চলাচলের জন্য নানা ধরণের বিধিনিষেধ আরোপ করা হয়েছে । এর আওতায় জেলা ম্যাজিষ্ট্রেট শিলচর বাইপাসের আই এস বি টি পয়েন্ট থেকে মঙ্গলপান্ডের ষ্টেচু পর্যন্ত এবং আই এস বি টি পয়েন্ট থেকে শ্রীকোনা ও এন জি সি পর্যন্ত রাস্তার পাশে কোন ধরণের যানবাহন পার্কিং করা যাবে না । উল্লেখ্য প্রধানমন্ত্রী যে ৩টি প্রকল্পের ভূমিপূজন করবেন এর মধ্যে রয়েছে ২২ হাজার ৮শো ৬৪ কোটি টাকা ব্যায়সাপেক্ষে শিলচর হাইস্পিড করিডোর , প্রায় ৫শো ৬৫ কোটি টাকা ব্যায়সাপেক্ষে শিলচর টাউন ফলাইওভার এবং ১শো ২২ কোটি টাকা ব্যায়সাপেক্ষে পাথারকান্দি কৃষি মহাবিদ্যালয় ।

এদিকে কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ্ আগামী রবিবার আসাম সফরে আসছেন । ওইদিন সকাল দশটায় তিনি প্রাগজ্যোতিষপুর মেডিকেল কলেজের উদ্বোধন করবেন । এবং পরে সকাল এগারোটায় তিনি বিজেপি'র আয়োজন করা সম্মেলনে অংশগ্রহণ করবেন ।

---

রান্নার গ্যাস প্রসঙ্গ সহ বিভিন্ন বিষয় নিয়ে বিরোধী দলগুলির সৃষ্টি করা হুলুস্থুল পরিস্থিতির পরিপ্রক্ষিতে লোকসভার অধিবেশন আজ দুপুর ২টো পর্যন্ত স্থগিত রাখা হয় । প্রথমবার স্থগিত হওয়ার পর বেলা ১২টায় সভার কাজ-কর্ম শুরু হওয়ার পর অধ্যক্ষের দ্বায়িত্বে থাকা সন্ধ্যা রায় সভার কাজ-কর্ম সুচারূ রূপে সম্পন্ন করতে সহায়তা করার জন্য বিরোধী দলগুলির প্রতি অনুরোধ জানান । দেশবাসী তাদের আচরণ প্রত্যক্ষ করছেন বলে উল্লেখ করে তিনি বলেন যে গণতন্ত্রের সম্মান রক্ষার ক্ষেত্রে এই আচরণ শোভা পায় না । সংসদীয় পরিক্রমা বিভাগের মন্ত্রী কিরেণ রিজিজু সভার ভিতরে খাদ্য সামগ্রী এনে এবং কাজ-কর্মে ব্যাঘাত সৃষ্টি করে বিরোধী দলের নেতারা শৃঙ্খলাহীন কার্যকলাপে লিপ্ত হয়েছেন বলে অভীযোগ উত্থাপন করেন । বিরোধ্ দলগুলি এ ধরণের নাটকীয় কার্যকলাপের মাধ্যমে জনসাধারণের দৃষ্টি আকর্ষন করা সম্ভব হবে বলে ধারণা করছেন বলে অভিযোগ করে শ্রী রিজিজু বলেন যে কংগ্রেস সদস্যদের আচরণ ক্রমাগত

নিম্নগামী হচ্ছে । এই পরিস্থিতির মধ্যেই অধ্যক্ষের দায়িত্বে থাকা সন্ধ্যা রায় ২০২৫-২৬ সালের দ্বিতীয় পর্বের জন্য অনুদান পরিপূরক ব্যায় সম্পর্কে আলোচনা শুরু করার চেষ্টা করেন তবে বিরোধী সাংসদরা বিভিন্ন শ্লোগান দিয়ে সভার মধ্যে ছুটে যান । এ ধরণের হুলুস্থুল পরিস্থিতির ফলে সভার কাজ-কর্ম পুনরায় দুপুর ২টো পর্যন্ত স্থগিত রাখা হয় । এর আগে বেলা ১১টায় সভার কাজ-কর্ম শুরু হওয়ার সঙ্গে সঙ্গে অধ্যক্ষ ওম বিড়লা প্রশ্ন-উত্তর পর্ব আরম্ভ করার প্রস্তুতি নেওয়ার সময় বিরোধী সদস্যরা দাড়িয়ে বিভিন্ন প্রসঙ্গ উত্থাপন করে বিরোধীতা শুরু করেন । অধ্যক্ষ বিড়লা প্রশ্ন-উত্তর পর্ব অত্যন্ত গুরুত্বপূর্ণ বলে থভিহিত করে বলেন যে এই সময় সদস্যরা জাতীয় এবং আঞ্চলিক প্রেক্ষাপট নিয়ে সভায় প্রশ্ন উত্থাপন করেন । এই কার্যসূচিতে বিঘ্ন ঘটানো সংসদীয় বিধির অবমাননা বলে উল্লেখ করে তিনি সংসদের বাইরে এবং ভিতরে সভার পবিত্রতা রক্ষা করার মত পোষন করেন । সভার কাজ-কর্মে পরিকল্পিতভাবে বিঘ্ন ঘটানো অনুচিত বলেও তিনি মন্তব্য করেন ।

-----------------------------------------------------------------------------------

কেন্দ্রীয় সরকারের জারী করা নির্দেশের পর সরবরাহ বিভাগও রান্নার গ্যাস এবং পেট্রোল ও ডিজেলের মত পেট্রোপন্য সামগ্রীর ব্যবহার সীমিত করার আহ্বান জানিয়েছে । সরবরাহ বিভাগ এক বিবৃতিতে পেট্রোলিয়াম এবং প্রাকৃতিক গ্যাস মন্ত্রনালয়ের জারী করা নির্দেশনা সম্পর্কে বলেথে যে সমগ্র দেশে রান্নার গ্যাস , পেট্রোল ও ডিজেল পর্যাপ্ত পরিমানে মজুত রয়েছে । তবে মধ্যপ্রচ্যের যুদ্ধের পরিস্থিতি এখনও অপরিবর্তিত থাকার প্রতি লক্ষ্য রেখে সরবরাহ বিভাগ সম্ভাব্য সরবরাহ ব্যবস্থায় বাধা রোধ করার জন্য এ ধরণের সামগ্রীসমূহ কম পরিমানে ব্যবহার করার আহ্বান জানিয়েছে ।

-----------------------------------------------------------------------------------

উত্তর-কাছাড় পার্বত্য স্বশাসিত পরিষদের ২০২৬-২৭ অর্থ বছরের অর্ন্তবর্তী বাজেট আজ হাফলং-এ পরিষদের সভাকক্ষে পেশ করা হয়েছে । পরিষদের অর্থ বিভাগের দায়িত্বপ্রাপ্ত কার্যবাহী সদস্য ডনপাইনন থাওসেন এই অর্ন্তবর্তী বাজেট পেশ করেন । উত্তর কাছাড় পার্বত্য পরিষদের সভাপতি মোহিত হোজাই জানান যে ২০২৬ -২৭ অর্থ বছরের পূর্নাঙ্গ বাজেট আসাম বিধানসভা নির্বাচনের পর পেশ করা হবে ।

-----------------------------------------------------------------------------------

জেলা বার সংস্থা শিলচরের ভবনে এয়ার কন্ডিশন ব্যবস্থা এবং সার্বিক উন্নয়নের জন্য রাজ্য সরকার এক কোটি ৭৫ লক্ষ ৬৫ হাজার সাতশ টাকা মঞ্জুর করেছে । এই গুরুত্বপূর্ণ উদ্যোগ গ্রহণের ফলে বার অ্যাসোসিয়েশনের সদস্যবৃন্দ ও আদালতে আগত

বিচারপ্রার্থীদের জন্য কর্মপরিবেশ আরো উন্নত ও স্বাচ্ছন্দ্যময় হয়ে উঠবে বলে আশা করা হচ্ছে ।

ডিস্ট্রিক্ট লিগ্যাল ও লেজিসলেটিভ সেল কাছাড়ের পক্ষ থেকে এই উদ্যোগ গ্রহণের জন্য আসামের মূখ্যমন্ত্রী ড.হিমন্ত বিশ্ব শর্মা  এবং বরাক উপত্যকা উন্নয়ন বিভাগের মন্ত্রী কৌশির রাইয়ের প্রতি কৃতজ্ঞতা জ্ঞাপন করা হয়েছে ।

---------------------------------------------------------------------------------

লক্ষীপুরের সিনিয়র সিটিজেনস ফোরামের উদ্যোগে আজ স্থানীয় খরিরোল কমিউনিটি হলে প্রাক্তন সাংসদ নুরুল হুদার ৯৬তম জন্ম বার্ষিকী পালন করা হয়েছে । এ উপলক্ষ্যে আজ সকালে প্রয়াত সাংসদ নুরুল হুদার প্রতিকৃতিতে মাল্যদান করে শ্রদ্ধা জানানো হয় । পরে আই বিনোদ সিংহের পৌরহিত্যে  এক সভায় নুরুল হুদার জীবনের বিভিন্ন দিক নিয়ে আলোচনা করা হয় ।

---------------------------------------------------------------------------------

শ্রীভূমি জেলার লামাজুয়ার মির্জাপুর সংলগ্ন এলাকায়  ৬ নম্বর জাতীয় সড়কে আজ এক সড়ক দূর্ঘটনায় একজন আহত হয়েছেন । আমাদের শ্রীভূমির সংবাদদাতা জানিয়েছেন যে মেঘালেয়র পঞ্জীকৃত একটি ডাম্পার পিছন দিক থেকে দাড়িয়ে থাকা ত্রিপুরার ডাম্পারকে থাক্কা দিলে  রাজু বড়ভুইয়া নামের গাড়ি চালক দীর্ঘ সময় গাড়ির কেবিনে আবদ্ধ হয়ে পড়ে । দূর্ঘটনার খবর পেয়ে পুলিশ ও দূর্যোগ মোকাবিলা বাহিনীর কর্মীরা ঘটনাস্থলে পৌছে যৌথবাবে উদ্ধার অভিযান চালিয়ে চালককে করিমগঞ্জ সিভিল হাসপাতালে প্রেরণ করে । দূর্ঘটনার ফলে জাতীয় সড়কের কয়েক কিলোমিটার জুড়ে যানযটের সৃষ্টি হয় । পরে পুলিশের তৎপরতায়  যান চলাচল স্বাভাবিক হয় ।

---------------------------------------------------------------------------------